



উত্তরাঞ্চলের ৯ জেলায় চার দিনের সফরে তারেক রহমান



সংগৃহীত ছবি

দেশে প্রত্যাবর্তনের পর প্রথমবারের মতো ঢাকার বাইরে সফরে যাচ্ছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। উত্তরাঞ্চলকে কেন্দ্র করে শুরু হওয়া এই সফরে তিনি আগামী ১১ জানুয়ারি ঢাকা ত্যাগ করবেন এবং ১৪ জানুয়ারি ফেরার কথা রয়েছে। এ সময় তিনি মোট ৯টি জেলা সফর করবেন।

দলীয় সূত্রে জানা গেছে, সফরের প্রথম দিন ১১ জানুয়ারি তারেক রহমান টাঙ্গাইল, সিরাজগঞ্জ ও বগুড়া সফর করবেন। ওই দিন রাত কাটাবেন বগুড়ায়। পরদিন তিনি রংপুর, দিনাজপুর ও ঠাকুরগাঁও যাবেন। ১৩ জানুয়ারি ঠাকুরগাঁও থেকে যাত্রা করে পঞ্চগড়, নীলফামারী ও লালমনিরহাটে যাবেন তিনি। ওইদিন রাতেও রংপুরে অবস্থান করবেন। সফরের শেষ দিন ১৪ জানুয়ারি রংপুর থেকে বগুড়া হয়ে ঢাকায় ফিরবেন তারেক রহমান।

এই সফরের অংশ হিসেবে তিনি মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী, আবু সাঈদ, নানী তৈয়বা মজুমদারসহ জুলাই ও দীর্ঘ গণতান্ত্রিক আন্দোলনে নিহত নেতাকর্মীদের কবর জিয়ারত করবেন। পাশাপাশি দোয়া মাহফিলে অংশ নেওয়ার পাশাপাশি আন্দোলনে নিহত ও আহতদের পরিবারের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন বলে জানা গেছে।

এদিকে সফর সংশ্লিষ্ট জেলাগুলোর জেলা প্রশাসক ও রিটার্নিং কর্মকর্তাদের কাছে বিএনপির পক্ষ থেকে পাঠানো চিঠিতে জানানো হয়েছে, এটি মূলত ধর্মীয় ও সামাজিক কর্মসূচিভিত্তিক সফর। ফলে বাংলাদেশ নির্বাচন কমিশনের প্রণীত আচরণবিধি লঙ্ঘনের কোনো প্রশ্ন নেই বলে চিঠিতে উল্লেখ করা হয়েছে।